মুসলিমের জন্য (তার শাসকদের) কথা শোনা ও মানা ফরয, সে যা পছন্দ করে বা যা পছন্দ করে না উভয় ক্ষেত্রে যতক্ষণ না পাপ কাজের নির্দেশ দেয়, যখন পাপকাজের আদেশ দেয়, তখন তার কথা শোনা ও মানা ফরয নয়।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “মুসলিমের জন্য (তার শাসকদের) কথা শোনা ও মানা ফরয, সে যা পছন্দ করে বা যা পছন্দ করে না উভয় ক্ষেত্রে
যতক্ষণ না পাপকাজের নির্দেশ দেয়, যখন পাপ কাজের আদেশ দেয়, তখন তার কথা শোনা ও মানা
ফরয নয়।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটির মধ্যে শাসকবর্গ যে সব আদেশ দিয়ে থাকেন তা শোনা এবং আনুগত্য করা যে ওয়াজিব তা স্পষ্ট করা হয়েছে। চাই তার নির্দেশ পছন্দ হোক বা না হোক। তবে যদি কোনো অন্যায় করার জন্য আদেশ দেয়। তখন শুধু এ অন্যায়ের ক্ষেত্রে শোনা বা মানা চলবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/6370